



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৬৬১

তারিখ: ১২ আষাঢ়. ১৪২৭

২৬ জুন ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৩/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৫২২ নং স্মারকে মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ১০৮০০ মে.টন ঢালা গমের চলাচল উপসূচি জারি করা হয় এবং বর্ধিত মেয়াদে উক্ত সূচির বিপরীতে ১২০০ মে.টন ঢালা গম অপরিবাহিত রয়েছে। মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে অপরিবাহিত ১২০০ মে.টন ঢালা গম পরিবহণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তমোতাবেক আগ্রহী/উন্মুক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে এবং আবেদনসমূহ সাইলো অধীক্ষক মোংলা যাচাই করে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি :

- ১। ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরে নিয়োগকৃত ও বর্ধিত মেয়াদে কর্মরত মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিবিসিসি (খুলনা-বরিশাল) ১ নং লটের অধীনে নৌ পরিবহণ ঠিকাদারগণ আবেদন করতে পারবেন;
- ২। মোংলা সাইলো জেটিতে অবস্থানকৃত (ক্রমানুযায়ী যোগদানকৃত) নৌ-যান/বার্জ পরিবহণের জন্য গণ্য হবে;
- ৩। প্রত্যেক ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে ৬০০ মে.টন (একটি নৌযানে ৬০০ মে. টন গম পরিবহণ করতে পারবে) ঢালা গমের সূচি প্রদান করা হবে;
- ৪। নারায়ণগঞ্জ সাইলো জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ মর্মে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ মতামতের প্রেক্ষিতে ছোট জাহাজসমূহকে সূচির বাহিরে রেখে অবশিষ্ট জাহাজসমূহে সূচির জন্য বিবেচনা করা হবে;
- ৫। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে। জনস্বার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৬-৬-২০২০

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ৯) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ১০) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট।
- ১১) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা।
- ১২) খুলনা মেজর কেরিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ-পরিবহণ ঠিকাদার সমিতি(খাদ্য), ঠিকানা : ৬৯ লোয়ার যশোর রোড, খুলনা।